

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট- ১ শাখা  
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫- ২৯৫

তারিখঃ ১৩ জুলাই ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ সকল উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ পর্যন্ত অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.৪৯.০০.২০.০০২.০০১.২০১৫- ১১৪৯, তারিখঃ ২৯.১০.২০১৫ খ্রিঃ।  
২। স্থানীয় সরকার বিভাগের পত্র নং- ৪৬.০৪৮.০৬.০০.০০০০.০২৭.১৫- ১৯১, তারিখঃ ০৯.০৫.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন অডিট আপত্তির অগ্রিম ও সাধারণ অনুচ্ছেদসমূহের তথ্য সংগ্রহের উদ্দেশ্যে সূত্রবর্ণিত ১নং পত্রমূলে বিগত ১০.১১.২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে দেশের সকল উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন সকল অগ্রিম ও সাধারণ অডিট আপত্তির (অনুচ্ছেদের) পূর্ণাঙ্গ তথ্যাদি নির্ধারিত ছকে প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল।

২। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হয়ে গেলেও যাচিত বিষয়ে বিস্তারিত তথ্যাদি না পাওয়ায় সূত্রবর্ণিত ২নং পত্রমূলে ৩১.০৫.২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জেলার সকল উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ পর্যন্ত অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত 'ক' ও 'খ' ছক মোতাবেক প্রেরণ নিশ্চিত করার জন্য পুনরায় অনুরোধ করা হয়।

৩। কিন্তু অদ্যাবধি অধিকাংশ জেলা থেকে এ সংক্রান্ত তথ্যাদি পাওয়া যায়নি। এমতাবস্থায়, আগামী ২১.০৭.২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জেলার সকল উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের সৃষ্টিকাল থেকে ৩০.০৬.২০১৫ খ্রিঃ পর্যন্ত অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য নির্ধারিত 'ক' ও 'খ' ছক মোতাবেক প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল। অনিষ্পন্ন অডিট আপত্তি না থাকলে শূন্য প্রতিবেদন প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে জবাব পাওয়া না গেলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এর যাবতীয় দায়- দায়িত্ব বহন করবেন।

৪। উল্লেখ্য, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন সকল অনিষ্পন্ন অগ্রিম ও সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি পরবর্তী সিদ্ধান্তের জন্য আগস্ট মাসে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিতব্য সভায় উপস্থাপিত হবে।

## বিষয়টি অতীব জরুরী।

ছকঃ 'ক' অগ্রিম অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি

জেলাঃ -----

উপজেলা/ইউনিয়ন পরিষদের নাম	অডিটের সন	অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদের মোট সংখ্যা	অনিষ্পন্ন অগ্রিম অনুচ্ছেদ নং	অডিট আপত্তির সঙ্গে জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তিকৃত অগ্রিম অনুচ্ছেদের মোট সংখ্যা	নিষ্পত্তিকৃত অগ্রিম অনুচ্ছেদ নং	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

ছকঃ 'খ' সাধারণ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি

জেলাঃ -----

উপজেলা/ইউনিয়ন পরিষদের নাম	অডিটের সন	অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদের মোট সংখ্যা	অনিষ্পন্ন সাধারণ অনুচ্ছেদ নং	অডিট আপত্তির সঙ্গে জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তিকৃত সাধারণ অনুচ্ছেদের মোট সংখ্যা	নিষ্পত্তিকৃত সাধারণ অনুচ্ছেদ নং	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

১৬.৭.১৬

(মুহাম্মদ আনোয়ার পাশা)

সিনিয়র সহকারী সচিব


ফোনঃ ৯৫৭৭২৩২

lgd.gov.audit1@gmail.com

- ১) জেলা প্রশাসক (সকল)-----।  
২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)-----।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৩) যুগ্ম- সচিব (উপজেলা/ইউপি/অডিট), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) পরিচালক স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৫) উপ- পরিচালক, স্থানীয় সরকার (সকল) ----- ।
- ৬) চেয়ারম্যান, -----, উপজেলা পরিষদ ----- ।
- ৭) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সহকারী প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯) সংরক্ষণ নথি।



(মুহাম্মদ আনোয়ার পাশা)  
সিনিয়র সহকারী সচিব।